ঝিনাইদহে খুচরা সার বিক্রেতাদের মানববন্ধন ও স্মারকলিপি পেশ

খুচরা সার বিক্রেতাদের বহাল রাখা ও টিও লাইসেন্সের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে খুচরা সার বিক্রেতা এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ঝিনাইদহের ৬ উপজেলার বিভিন্ন এলাকার খুচরা সার বিক্রেতারা অংশ নেয়।

কর্মসূচীতে সংগঠনটির জেলা শাখার সভাপতি সাইমুর রহমান বাদশা, সাধারণ সম্পাদক জাকির হোসেন পান্নু, ব্যবসায়ী সাইদুর রহমান, উজ্জল হোসেন, জিল্লুর রহমান, হারুন-অর রশিদসহ উপজেলা শাখার নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, সম্প্রতি কৃষি উপদেষ্টা এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন দেশের খুচরা সার বিক্রেতাদের লাইসেন্স স্থগিত করা হবে। এটা বাস্তবায়ন হলে দেশের ৪৪ হাজার ব্যবসায়ী ও তাদের পরিবারসহ ৫ কোটি কৃষক সরাসরি ক্ষতিগ্রস্থ হবে। যার নেতিবাচক প্রতিক্রিয়া দেশের তৃণমুলে পড়বে।

তাই এ সিদ্ধান্ত বাস্তবায়ন না করার আহ্বান জানানো হয়। পরে জেলা প্রশাসকের মাধ্যমে কৃষি সচিব বরাবর স্মারকলিপি পেশ করেন ব্যবসায়ীরা।

ঝিনাইদহে বীরশ্রেষ্ঠ হামিদুর

রহমানের ৫৪ তম শাহাদাত বার্ষিকী পালিত

ঝিনাইদহের মহেশপুরে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ৫৪ তম শাহাদাত বার্ষিকী পালিত হয়েছে।

আজ মঙ্গলবার মহেশপুর উপজেলার খালিশপুর বাজারে অবস্থিত সরকারি বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ডিগ্রি কলেজে শোক র্যালি, প্রতিকৃতিতে পুষ্পঅর্পণ, আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১১টায় কলেজ প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ রফি উদ্দীন। অনুষ্ঠানে শিক্ষার্থী, শিক্ষক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও মুক্তিযোদ্ধারা অংশ নেন।

আলোচনা সভায় বক্তারা বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের বীরত্বগাথা তুলে ধরে বলেন, স্বাধীনতার জন্য নিজের জীবন উৎসর্গ করে তিনি ইতিহাসে অমর হয়ে আছেন। তাঁর জীবন থেকে তরুণ প্রজন্মের দেশপ্রেম ও ত্যাগের শিক্ষা নেওয়া উচিত। পরে শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের আয়োজন করে সরকারি বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ডিগ্রি কলেজ কর্তৃপক্ষ।

নির্যাতনের প্রতিকার চেয়ে ঝিনাইদহে সংখ্যালঘুদের সড়ক অবরোধ

জেলা স্বেচ্ছাসেবক দলের ভারপ্রাপ্ত সভাপতির ছেলে কর্তৃক হিন্দু সম্প্রদায়ের বাবা-ছেলেকে মারধরের প্রতিবাদে ঝিনাইদহ-ঢাকা

মহাসড়কের মধুপুর চৌরাস্তা এলাকায় সড়ক অবরোধ করেন সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের লোকেরা।

রবিবার রাত সাড়ে ৮টা থেকে প্রায় ৯টা পর্যন্ত তারা জাতীয় মহাসড়ক অবরোধ করে রাখে। এই অবরোধের কারণে মধুপুর চৌরাস্তা থেকে ঝিনাইদহ কেন্দ্রীয় বাস টার্মিনাল পর্যন্ত যানজট তৈরি হয়। পরে সেনাবাহিনী ও পুলিশ যেয়ে বিচারের আশ্বাস দিলে তারা অবরোধ তুলে নেয়।
মারধরে শিকার রাজকুমার বিশ্বাস ও তার ছেলে তুষার বিশ্বাস ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের উত্তর কাষ্টসাগরা গ্রামের বাসিন্দা।

ভুক্তভোগী রাজকুমার বিশ্বাস জানান, তার ছেলের বউ পূজা রানী বিশ্বাসের সাথে ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের ভারপ্রাপ্ত সভাপতি রেজাউল ইসলামের ছেলে নিলয় ইসলামের পরকীয়ার সম্পর্ক তৈরি হয়। প্রায় ৩ মাস আগে তার ছেলের বউ নিলয়ের সাথে বাড়ি থেকে পালিয়ে যায়। পরবর্তীতে সামাজিক ভাবে আলোচনার ভিত্তিতে আবার তাকে ফিরিয়ে নেওয়া হয়। এক সপ্তাহ পরে আবারও ওই ছেলে সাথে পালিয়ে যায় পুজা রানী। পরে আবারও সামাজিক সালিশির মাধ্যমে তাকে ফিরিয়ে নিয়ে ছেলে-বউমাকে যশোরের আত্মীয় বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়। সম্প্রতি ছেলে বউমা বাড়িতে ফিরে আসলে আবারও যোগাযোগের চেষ্টা করে নিলয় এবং পুরো পরিবারকে বিভিন্ন হুমকি দিতে থাকে সে।

রাজকুমার বিশ্বাস বলেন, গতকাল রবিবার রাত সোয়া আটটার দিকে আমি ও আমার আরেক ছেলে তুষার বিশ্বাস মধুপুর চৌরাস্তা বাজারে ছিলাম এসময় নিলয় ইসলাম কিছু লোকজন সাথে করে নিয়ে এসে আমাদের মারধর করে। পরে আমাদের সম্প্রদায়ের লোক নিয়ে এদের হাত থেকে বাঁচতে সড়ক অবরোধ করি।

তুষার বিশ্বাস বলেন, নিলয় ইসলামের কারণে আমরা বাড়িতে বসবাস করতে পারছিনা। তার ভয়ে আমরা বাজার-ঘাটে চলাচল করতে পারছি না।

আরাপপুর হাইওয়ে থানার ওসি মৃত্যুঞ্জয় বিশ্বাস বলেন, কিছু সময়ের জন্য মধুপুর চৌরাস্তা বাজারে হিন্দু সম্প্রদায়ের লোকেরা সড়ক অবরোধ করে। খবর পেয়ে সেখানে সেনাবাহিনীর একটি টিম যায়, আমি যায় এবং সদর থানার পুলিশ যেয়ে তাদের ছত্রভঙ্গ করে দিই। কিছু সময়ের মধ্যেই যান চলাচলা স্বাভাবিক হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল

মামুন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, রাতে সড়ক অবরোধের সংবাদ পেয়ে আমরা মধুপুর চৌরাস্তা বাজারে যায়। সেখানে গিয়ে দেখি আগে থেকেই সেখানে সেনাবাহিনীর সদস্যরা অবস্থান করছেন। তারা অবরোধকারীদের ছত্রভঙ্গ করে দেন।

পরে আমরা জানতে পারি উত্তর কাষ্টসাগরা গ্রামের নিশান বিশ্বাসের ছেলের বউয়ের সাথে জেলা স্বেচ্ছাসেবক দলের নেতা রেজাউল ইসলামের ছেলে নিলয় ইসলামের পরকীয়ার সম্পর্ক ছিল। তারা কয়েক মাস আগে বাড়ি থেকে পালিয়েও গিয়েছিল। আজকে রাতে রাজ কুমার বিশ্বাসকে নিলয় ইসলাম ঘুশি মেরেছে সেই কারণে স্থানীয় মুসা মেম্বারের নেতৃত্বে হিন্দু সম্প্রদায়ের লোকেরা সড়ক অবরোধ করে।

বিচারের আশ্বাসের বিষয়ে ওসি বলেন, এর আগে তারা এমন কোন অভিযোগ থানায় করেননি। তারা লিখিত অভিযোগ দিলে আমরা তা তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেব।

ঝিনাইদহে জুলাই সনদ বাস্তবায়নসহ ৫ দফা দাবিতে জামায়াতের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারিসহ ৫ দফা দাবিতে ঝিনাইদহ জামায়াতে ইসলামীর বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমাবার সকালে ঝিনাইদহ জেলা জামায়াতের উদ্যোগে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে সমাবেশে মিলিত হয়।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামীর ঝিনাইদহ জেলা আমীর ও ঝিনাইদহ-২ আসনের জামায়াত মনোনিত জাতীয় সংসদ সদস্য প্রার্থী অধ্যাপক আলী আজম মো: আবুবকর। এছাড়াও উপস্থিত

ছিলেন, ঝিনাইদহ-১ (শৈলকূপা) আসনের সংসদ সদস্য প্রার্থী অধ্যাপক এএসএম মতিউর রহমান, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য প্রার্থী প্রফেসর মতিয়ার রহমান ও ঝিনাইদহ ৪ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা মো: আবু তালিব। সমাবেশটির সঞ্চালনায় ছিলেন, ঝিনাইদহ জেলা সেক্রেটারি আব্দুল আওয়াল।

এসময় আরও উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের নায়েবে আমীর ও ঝিনাইদহ পৌর মেয়র প্রার্থী আব্দুল আলীম, জেলা সহকারী সেক্রেটারি কাজী ছগীর আহমেদ, জেলা বাইতুল মাল সম্পাদক তাজুল ইসলাম, জেলা উলামা বিভাগের সভাপতি মুহাদ্দিস রবিউল ইসলাম, সদর উপজেলা আমীর ড. হাবিবুর রহমান, শহর আমীর অ্যাডভোকেট ইসমাইল হোসেন, হরিনাকুণ্ডু উপজেলার আমীর বাবুল হোসেন, কালীগঞ্জ উপজেলা আমীর আব্দুল হকসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

ঝিনাইদহে পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার কালিচরণপুর ইউনিয়নের বড় কামারকুণ্ডু গ্রামে পানিতে ডুবে আপন (৪) নামে চার বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। শিশুটি ওই গ্রামের জাহাঙ্গীর হোসেনের ছেলে।

রবিবার (২৬ অক্টোবর) সকালে এই ঘটনাটি ঘটে। নিহত শিশুর স্বজনরা জানান, রবিবার সকালের দিকে কোন এক সময়ে শিশুটি বাড়ির পাশে খেলতে যায়, পরে শিশুটির মা অনেক খোজাখুজি করেও শিশুটিকে না পেয়ে সবাইকে জানায়। এ অবস্থায় দুপুরের দিকে বাড়ির পাশে পুকুরে শিশুটির মরদেহ ভাসতে দেখে স্থানীয়রা দ্রুত তাকে পানি থেকে তুলে সদর হাসপাতালে নিয়ে যায়।

ঝিনাইদহ সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক বলেন শিশুটি আনার অনেক আগেই মারা গেছে। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন পানিতে ডুবে শিশু মৃত্যুর খবরটি নিশ্চিত করেছে।

ঝিনাইদহে নানা দাবিতে স্মারকলিপি পেশ

ঝিনাইদহ শহরে রেল লাইন, মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয় স্থাপন, নদী সংস্কার ও দৌলতদিয়া-পাটুরিয়া পদ্মা নদীতে সেতু নির্মাণের দাবিতে স্মারকলিপি পেশ করেছে “রেল লাইন, মেডিকেল কলেজ, বিশ্বিবিদ্যলয় বাস্তবায়ন কমিটি’র নেতৃবৃন্দ।

রবিবার সকালে ঝিনাইদহ শিশু একাডেমী প্রাঙ্গণে পরিকল্পনা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ বাবুল মিঞার নিকট এই স্মারকলিপি পেশ করা হয়। স্মারকলিপি গ্রহনের সময় অতিরিক্ত সচিব মহোদয় বলেন ঝিনাইদহ বাসীর জন্য দাবী সমূহ অত্যন্ত যৌক্তিক। দ্রুত দাবিগুলো বাস্তবায়ন করার জোর প্রচেষ্ঠা চালাবো বলেও তিনি জানান।

এ সময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা মোঃ সেলিম রেজা পিএএ, অধ্যক্ষ (অব:) মহব্বত হোসেন, জনতা ব্যাংকের এজিএম রকিবুল ইসলাম, শিশু বিষয়ক কর্মকর্তা আয়ুব হোসেন, অধ্যক্ষ (অব:) সাইদুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, রেল লাইন, মেডিকেল কলেজ, বিশ^বিদ্যলয় বাস্তবায়ন কমিটি সাধারণ সম্পাদক মোঃ কামরুজ্জামান পিন্টু প্রমুখ।

ঝিনাইদহে পুত্রবধূকে কুপিয়ে হত্যার অভিযোগ, শ্বশুর আটক

ঝিনাইদহের শৈলকূপায় শ্বশুরের ধারালো বটির আঘাতে লিমা বেগম (২৯) নামের এক পুত্রবধুর মৃত্যু হয়েছে। লিমা বেগম আব্দুর রবের স্ত্রী এবং মুকুল শেকের পুত্রবধু।

আজ রোববার ভোর ৫টার দিকে উপজেলার মনোহরপুর ইউনিয়নের পাইকপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় অভিযুক্ত শ্বশুর মানসিক প্রতিবন্ধী মুকুল শেখকে আটক করেছে পুলিশ। মরদেহটি উদ্ধার করে প্রথমে শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরে ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

স্থানীয়দের কাছ থেকে জানা যায়, ভোর ৫টার দিকে ঘুম ভাঙ্গলে নিজ ঘর থেকে বাড়ির উঠানে যান লিমা বেগম। তখন উঠানে দাঁড়িয়ে থাকা মুকুল শেখ তার হাতে থাকা বটি দিয়ে ছেলের স্ত্রীর শরীরে আঘাত করেন। সেসময় চিৎকারে অন্যরা ছুটে এসে তাকে উদ্ধার করে শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্তব্যরত চিকিৎসক ডা. আরিফুর রহমান জানান, ওই গৃহবধূকে আমরা মৃত অবস্থাতেই পেয়েছি। তার বুকের উপরের অংশে ধারালো অস্ত্রের আঘাত ছিল। ধারণা করা হচ্ছে অতিরিক্ত রক্তক্ষরণের ফলে এবং তীব্র আঘাতে অঙ্গ ক্ষতিগ্রস্ত হয়ে তার মৃত্যু হয়েছে।

শৈলকূপা থানার উপ-পরিদর্শক আব্দুল মান্নান বলেন, এ ঘটনায় মুকুল শেখকে আটক করা হয়েছে। মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরির পর মর্গে পাঠানো হয়েছে। মুকুল শেখ মানসিক ভারসাম্যহীন বলেও অনেকে জানিয়েছে।

মহেশপুরে পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের মহেশপুর উপজেলার আজমপুর গ্রামে পানিতে ডুবে জিহাদ হোসেন (৯) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যা উপজেলার ঘুগরী পান্তাপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। মৃত শিশু জিহাদ আজমপুর গ্রামের প্রবাসী আতিয়ার রহমানের ছেলে।

পরিবার জানায়, জিহাদ বৃহস্পতিবার তার খালার বাড়ি ঘুগরী

পান্তাপাড়ায় বেড়াতে যায়। শুক্রবার সন্ধ্যার দিকে সে বাড়ির পাশের পুকুরে মাছ ধরতে যায়। পরে দীর্ঘ সময় ধরে বাড়ি না ফেরায় স্বজনেরা খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে পুকুর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম এ তথ্য নিশ্চিত করে জানান, পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় তাকে ময়নাতদন্ত ছাড়াই দাফনের জন্য পরিবারের কাছে হস্তন্ত্র করা হয়েছে। এ ঘটনায় মহেশপুর থানায় সাধারণ ডায়েরি জিডি করা হয়েছে।

ঝিনাইদহে জাতীয় সংসদ নির্বাচন সম্পর্কে মতবিনিময় সভা

ঝিনাইদহে বর্তমান রাজনীতি ও আগামী জাতীয় সংসদ নির্বাচন সম্পর্কে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে শহরের ফ্যামেলি জোন রেস্টুরেন্টে এ সভার আয়োজন করেন জেলা ওলামা দল।

জেলা ওলামা দলের আহ্বায়ক আল মাহাদী লিপিয়ার’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ।

বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, এ্যাড. কামাল আজাদ পান্নু, সিনিয়র যুগ্ম সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পাপ্পু, পৌর বিএনপির সভাপতি মাহবুবুর রহমান শেখর, জেলা যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, ওলামা দলের কেন্দ্রীয় সদস্য আনোয়ার হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন ওলামা দলের সদস্য সচিব এইচ এম কামরুজ্জামান।

সেসময় বক্তারা, আগামী নির্বাচনে দেশের ওলামা-মাশায়েখদের ঐক্যবদ্ধ ভূমিকা রাখার আহ্বান জানান। পাশাপাশি যারা জান্নাতের টিকিটের লোভ দেখিয়ে সাধারণ ভোটারদের সঙ্গে প্রতারণা করছে, তাদের সম্পর্কে জনগণকে সতর্ক করার পরামর্শ দেন।

ঝিনাইদহে নারীদের নিরাপত্তার দাবিতে মানববন্ধন

ঢাকা স্ট্রিম এর মিডিয়া কর্মী স্বর্ণময়ীর আত্মহত্যা প্ররোচনায় দায়ীদের শাস্তি ও কর্মস্থলে নারীদের নিরাপত্তার দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

বৃহস্পতিবার (২৩ অক্টোবর) সকালে ঝিনাইদহ পোস্ট অফিস মোড়ে বিক্ষুব্ধ সামাজিক ও সংস্কৃতি কর্মীদের উদ্যোগে এ মানববন্ধন কর্মসূচির আয়োজন করা হয়।

প্রফেসর সুষেন্দু কুমার ভৌমিকের সভাপতিত্বে মানববন্ধন কর্মসূচিতে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন সংস্কৃতি কর্মী শাহিনুর আলম লিটন, উপাধ্যক্ষ(অব:) আব্দুস সালাম, এ্যাড. আসাদুজ্জামান, সমাজকর্মী গাউস গোর্কি, বিএম আনোয়ার, রওশন আরা লিনা, শামীম আহমেদ, রেল আব্দুল্লাহসহ মানবাধিকার কর্মী, নারী নেত্রী, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিবৃন্দ প্রমুখ।

উল্লেখ্য যে,গত ১৮ আক্টোবর ঢাকা স্ট্রিম অনলাইন মিডিয়া হাউজের নারী কর্মী ঝিনাইদহের মেয়ে স্বর্ণময়ী বিশ্বাস একই প্রতিষ্ঠানের বাংলা বিভাগের প্রধান আলতাফ শাহনেওয়াজ নয়ন ওরফে নির্লিপ্ত নয়ন এর যৌণ নিপিড়নের শিকার হয়ে শেরেবাংলা নগর নিজ বাসায় আত্মহত্যা করে। এ আত্মহত্যা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে সমালোচনার ঝড় উঠে। এই নয়নও ঝিনাইদহ শহরের হামদহ এলাকার লিয়াকত হোসেন ছেলে। মানববন্ধনে বক্তারা এই আত্মহত্যার সুষ্ঠু তদন্তপূর্বক হত্যার প্ররোচনাকারীদের চিহ্নিত করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান এবং কর্মস্থলে নারী সহকর্মীদের প্রতি পুরুষ সহকর্মীদের দুর ব্যবহার ও যৌনাকাঙ্খার প্রতি তীব্র নিন্দা জানান এবং নারী কর্মীদের কর্মস্থলে নিরাপত্তার দাবি জানান।